

এইচএসটির কাজের জন্য: আপনার কী কী জানার প্রয়োজন



জানুয়ারী ২০১১

বর্তমান আঞ্চলিক রিটেল সেলস্ ট্যাক্স (আরএসটি - RST) এর পরিবর্তে যুক্তরাষ্ট্রীয় গুডস্ অ্যান্ড সার্ভিসেস ট্যাক্স (জিএসটি - GST)এর সহিত সংযুক্ত হয়ে অন্টারিওতে ১লা জুলাই, ২০১০ থেকে হারমোনাইজড সেলস্ ট্যাক্স (এইচএসটি - HST) কার্যকর হয়েছে।

এইচএসটিতে পরিবর্তিত হওয়ার অর্থ এখন থেকে আপনি কেবল **ফর্মের একটিই** শৃঙ্খলা, একটি অর্থ প্রদান ও অডিটের জন্য একটি বিন্দুতে সংযোগ, অ্যাপিলস এবং করপ্রদান পরিষেবা ব্যবহার করবেন। চেকলিস্টটি হল আপনার কী কী জানা গুরুত্বপূর্ণ সে সম্পর্কে একটি সাধারণ নির্দেশিকা।



এইচএসটি হল সাধারণভাবে জিএসটি যা একটি আঞ্চলিক বিষয় যা যুক্ত হয়ে ১৩% হারে পৌঁছায়। যদি জিএসটি প্রযোজ্য না হয়, তাহলে ১লা জুলাই, ২০১০ থেকে কোন এইচএসটি প্রযোজ্য হবে না। বিক্রয় ছাড়ের আঞ্চলিক মাত্রার অর্থ হল কিছু নির্বাচিত দ্রব্যের উপর কেবলমাত্র ৫% হারে কর ধার্য হবে।



যদি আপনি ইতিমধ্যে জিএসটির জন্য নিবন্ধভুক্ত হয়ে থাকেন তাহলে আর কোন নিবন্ধীকরণের প্রয়োজন নেই। যদি আপনার জিএসটির জন্য নিবন্ধভুক্তির প্রয়োজন না হয়, তাহলে এইচএসটির জন্য আপনার নিবন্ধভুক্ত হওয়ার প্রয়োজন নেই।



আপনার এইচএসটির হিসাবপত্র পেশ করার সময় জিএসটির হিসাবপত্র জমা দেবার সময়ের অনুরূপ। আরোপিত ও সংগৃহীত জিএসটি এবং এইচএসটি উভয়েরই হিসাব আপনাকে জমা করতে হবে, তার সাথে একইভাবে জিএসটির জন্য ইনপুট ট্যাক্স ক্রেডিট ও ছাড়ের জন্য দাবীও পেশ করতে হবে।



আরএসটি থেকে এইচএসটিতে পরিবর্তিত হতে আপনার হিসাবপত্র, বিলিং এবং ইনভয়েসিং ব্যবস্থা, ক্যাশ রেজিস্টার ও বিক্রয় বিষয়ক ব্যবস্থার পরিবর্তন করা উচিত। ১লা জুলাই ২০১০ এর পর থেকে পরিবর্তন সমন্বিত বিধি অনুসারে আপনার বাজেটে ৮% আরএসটি রহিত ক্রয় সুনিশ্চিত করা উচিত। আপনার করযোগ্য সুবিধার হিসাবপত্রও আপডেট করা উচিত।



১লা জুলাই ২০১০ তারিখের মধ্যবর্তী সময়ের আদানপ্রদানের জন্য পরিবর্তন সমন্বিত বিধি অনুসরণ করুন। আপনি ১লা জুলাই, ২০১০ এর পর সরবরাহ করার করযোগ্য দ্রব্য, পরিষেবা বা স্পর্শনাতীত সম্পত্তির জন্য ১লা মে, ২০১০ বা তার পর থেকে যে কোন বিলে উপযুক্ত হারে এইচএসটি যুক্ত করা সুনিশ্চিত করুন। নিজেকে সেই অঞ্চলের সরবরাহ বিধি তথা ইনপুট ট্যাক্স ক্রেডিটের উপর অস্থায়ী সীমাবদ্ধতার সহিতও পরিচিত করুন।



নিম্নতর মূল্য ও ক্রয় ব্যবসার স্থানান্তরণ হিসাবে অন্তর্ভুক্ত করার জন্য ব্যবসায়িক পরিকল্পনা এবং বাজেটের উপর এইচএসটির প্রভাব মূল্যায়ন করুন। কর ছাড় নিশ্চিত করতে মূল্য কৌশল নির্ধারণ এবং যোগানদারদের দ্বারা নিরূপিত মূল্য পরীক্ষা করুন।



২৩শে জুলাই, ২০১০ বা তার পূর্বে আপনাকে চূড়ান্ত আরএসটি রিটার্ন জমা দিতে হতো। ১লা জুলাই, ২০১০ এর পরে সংগৃহীত আরএসটি অর্থের মোট পরিমাণের হিসাব পেশের জন্য সাপ্লিমেন্টাল রিটার্ন উপলব্ধ।

আপনি কী আয়কর হ্রাসের উপর প্রভাব মূল্যায়ন করেছেন?

মনে রাখবেন এইচএসটি হল বিস্তৃত করের সম্মিলিত রূপের একটি অংশ বিশেষ, যার মধ্যে ব্যবসা ও জনগণের জন্য গুরুত্বপূর্ণ কর হ্রাস অন্তর্ভুক্ত রয়েছে।

এই চেকলিস্টটি এমনভাবে তৈরি হয়েছে যাতে কানাডা রেভিনিউ এজেন্সি (সিআরএ - CRA) বা ওন্টারিও মিনিস্ট্রি অফ রেভিনিউ থেকে আপনি বিনামূল্যে সরাসরি বিস্তৃত তথ্য প্রাপ্ত করতে পারেন।

আরো অধিক তথ্যের জন্য :

এইচএসটি থেকে কেমন করে আপনার ব্যবসা সুবিধা প্রাপ্ত হতে পারে সে সম্পর্কে অধিক জানতে ontario.ca/taxchange দেখুন। আপনি 1 800 337-7222, টেলিটাইপরাইটার (টিটিওয়াই) 1 800 263-7776 নম্বরে ফোনও করতে পারেন।

জিএসটি/ইচএসটির জন্য আপনার তথ্য পাবার উৎস হল কানাডা রেভিনিউ এজেন্সি। সিআরএ-র ওয়েবসাইট cra.gc.ca/gsthst - তে যান অথবা 1 800 959-5525 নম্বরে ফোন করুন।

